

# গাবতলী সেন্ট্রাল মার্কেটে প্রদত্ত সেবা সমূহ

- ১। কৃষিপণ্য সুষ্ঠুভাবে বিপণন, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণের লক্ষ্যে দেশের প্রত্যন্ত অঞ্চলের ফার্মার'স মার্কেটিং গ্রুপের (এফএমজি) সদস্য ও সাধারণ ব্যবসায়ীদের সার্বিক সহায়তা প্রদান।
- ২। সেন্ট্রাল মার্কেটে বিদ্যমান ৬ (ছয়) টি রিফার ভ্যান (প্রতিটি ৩ টন) ও ১টি খোলা ট্রাক (৫ টন) এর মাধ্যমে কৃষক ও কৃষিপণ্যের ব্যবসায়ীগণকে স্বল্প ভাড়ায় পরিবহন সেবা প্রদান।
- ৩। ০৩টি পৃথক চেম্বার বিশিষ্ট প্রতিটি ২০ (বিশ) মেঃ টন ধারন ক্ষমতা সম্পন্ন ৩ টি হিমাগারের মাধ্যমে কৃষক/কৃষিপণ্য ব্যবসায়ীদের স্বল্প ভাড়ায় পণ্য সংরক্ষণের সুবিধা প্রদান।
- ৪। সেন্ট্রাল মার্কেটে অবস্থিত ২টি (প্রতিটি ২৩০০ বর্গফুট) প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের মাধ্যমে সজী, ফল ও মসলা প্রক্রিয়াজাতকরণে সহায়তা প্রদান।
- ৫। সেন্ট্রাল মার্কেটের ৩য় তলায় অবস্থিত একটি সুপারিসর কক্ষে (২০০ আসন বিশিষ্ট) কৃষক/কৃষিপণ্য ব্যবসায়ীগণের অংশ গ্রহণে মানসম্মত প্রশিক্ষণ ও সেমিনার আয়োজনে সহায়তা প্রদান।
- ৬। সেন্ট্রাল মার্কেটের ২য় তলায় সজি, ফল ও মসলার পাইকারী ও খুচরা ব্যবসায়ীগণের জন্য মোট ৩৬টি স্পেস (সজি স্পেস ২১টি, ফল স্পেস ১২টি ও ৩টি মহিলা স্পেস) বরাদ্দের মাধ্যমে আধুনিক বিপণন সহায়তা প্রদান।
- ৭। সেন্ট্রাল মার্কেটের নীচ তলায় পণ্য পরিবহনের সুবিধার্থে লোডিং ও আনলোডিং প্ল্যাটফর্মের ব্যবস্থাসহ আধুনিক বিপণন সংক্রান্ত যাবতীয় সুযোগ সুবিধা প্রদান।
- ৮। কৃষিপণ্য ওয়াশিং, গ্রেডিং, প্যাকেজিংসহ মূল্য সংযোজনের মাধ্যমে কৃষিপণ্য নিলামে বিক্রয়ের সুবিধা প্রদান।
- ৯। আধুনিক ও মানসম্মত উপায়ে বিভিন্ন প্রকার ফল সংরক্ষণের সুবিধার্থে একটি হট ওয়াটার কক্ষ ব্যবহারের সুবিধা প্রদান।
- ১০। ড্রাই স্টোরেজ ও প্রি-কুলিং রুম ব্যবহারের মাধ্যমে কৃষিপণ্য সংরক্ষণের সুবিধা প্রদান।



কৃষি বিপণন অধিদপ্তর।